রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৩, ২০২১

**৩য় খণ্ড**

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ ভাদ্র ১৪২৮/২৩ আগস্ট ২০২১

**নং ২৩.০০.০০০০.০৩০.১৯.০৮৭.১৭-৯০**—নির্দেশক্রমে বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৫৬১১ লেঃ কর্ণেল কে এম ওবায়দুল হক, এএফডব্লিউসি, পিএসসি, পদাতিক-কে ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ পদে প্রেষণে নিয়োগ প্রদান করা হলো।

২। প্রেষণে নিয়োজিত থাকাকালীন উক্ত কর্মকর্তা সেনাবাহিনীর শেষ বেতন সনদ অনুযায়ী বেতন-ভাতাসহ বিধি মোতাবেক অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তৈয়াবুর রহমান মোল্যা**

সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৮/১১ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.২৫০.৬৯.০১৪.১০.১২৩**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার সহকারী প্রকৌশলী, জনাব মোঃ আনিছুর রহমান (১৪৪৪)-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন)-এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ২৫ আগস্ট ২০২১ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ২৬ আগস্ট ২০২১ থেকে ২৫ আগস্ট ২০২২ তারিখ পর্যন্ত ১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধা প্রাপ্য হবেন।

তারিখ : ০৯ ভাদ্র ১৪২৮/২৪ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.২৫০.১১.০২৯.১৯.১৩২**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারী ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজির (এমআইএসটি) নিম্নবর্ণিত কর্মকর্তার চাকরি সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসারে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত তারিখ থেকে চাকরিতে স্থায়ী করা হলো :

| ক্র; নং | নাম, ব্যক্তিগত নম্বর ও পদবি | বর্তমান পদে যোগদানের তারিখ | বর্তমান পদে চাকরি স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১। | ড. টি এম শাহরিয়ার সাজ্জাদ (১০৩০৭) সহকারী অধ্যাপক | ১৮ জুলাই ২০১৯ | ১৮ জুলাই ২০১৯ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৩ ভাদ্র ১৪২৮/১৮ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.০৭০.৬৯.০৭৮.১৮.১৭৮**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নোক্ত কর্মকর্তাকে বিমান বাহিনী নির্দেশিকা **১৯৫৭**-এর রুল ২৪(১) অনুযায়ী চাকরির বয়সসীমা (Retiring age) অতিক্রান্তে তাঁর নামের পাশে বর্ণিত তারিখ থেকে অবসর প্রদান করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার পদবি, নাম, নম্বর ও শাখা | জন্ম তারিখ | কমিশনের তারিখ | LPR-এ গমনের তারিখ | LPR-শেষ হওয়ার তারিখ | অবসরের তারিখ | চাকরির বয়সসীমা | জমাকৃত ছুটির পরিমাণ | মঞ্জুরকৃত LPR-এর ছুটি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | উইং কমান্ডার মোঃ মামুন আর রশীদ, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৫০০), এডিডব্লিউসি | ০৯ সেপ্টেম্বর ১৯৭০ | ২৬ ডিসেম্বর ১৯৯২ | ০৮ সেপ্টেম্বর ২০২১ | ০৬ সেপ্টেম্বর ২০২২ | ০৭ সেপ্টেম্বর ২০২২ | ৫১ বছর | ৮৬৫ দিন | ৩৬৪ দিন |

২। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ : ০৭ ভাদ্র ১৪২৮/২২ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.০৭০.৬৯.১০৪.২০.১৮১**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নেবর্ণিত কর্মকর্তাকে বিমান বাহিনী অ্যাক্ট রুলস **১৯৫৭**-এর রুল ২৪(১) অনুযায়ী চাকরির বয়সসীমা (Service Limit) অতিক্রান্তে তাঁর নামের পাশে বর্ণিত তারিখ থেকে অবসর প্রদান করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার পদবি, নাম, নম্বর ও শাখা | জন্ম তারিখ | কমিশনের তারিখ | LPR-এ গমনের তারিখ | LPR-শেষ হওয়ার তারিখ | অবসরের তারিখ | চাকরির বয়সসীমা | জমাকৃত ছুটির পরিমাণ | মঞ্জুরকৃত LPR-এর ছুটি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ রবিউল হাসান জুবেরী, (বিডি/৮৪৮১), অ্যাডমিন | ২১ আগস্ট ১৯৬৭ | ২৫ জুন ১৯৯২ | ২০ আগস্ট ২০২১ | ১৯ আগস্ট ২০২২ | ২০ আগস্ট ২০২২ | ৫৪ বছর | ১২২২ দিন | ৩৬৫ দিন |

২। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ার হোসাইন পাটোয়ারী**

সিনিয়র সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ ভাদ্র ১৪২৮/১৮ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.১৪০.১১.১৫৩.১৮-২৪৪**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত দক্ষিণ কোরিয়ার সিউলস্থ বাংলাদেশ দুতাবাসের প্রতিরক্ষা শাখায় প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে এয়ার কমডোর এ এফ এম শামীমুল ইসলাম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪০৮), জিডি(পি) কে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) তিনি উক্ত পদে নিয়োজিত থাকাকালীন মিনিষ্টার পদের কূটনৈতিক পদমর্যাদা ভোগ করবেন;

(খ) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;

(গ) এ নিয়োগ সংক্রান্ত ব্যয় ডিজিএফআই-এর ২০২১-২০২২ অর্থ বৎসরের বাজেটের "প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯ আন্তঃবাহিনীসমূহ পরিচালন এবং ১১৯০৯১১০০০০০০ প্রতিরক্ষা এ্যাটাশে খাত" থেকে নির্বাহ করা হবে;

(ঘ) আউটফিট ও বদলি মঞ্জুরি বাংলাদেশ বিমান বাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে;

(ঙ) প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে তাঁর চাকরি বাংলাদেশ বিমান বাহিনীতে বহাল থাকবে;

(চ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম অর্থ গ্রহণ করা হলে তা ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে;

(ছ) এয়ার কমডোর এ এফ এম শামীমুল ইসলাম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪০৮), জিডি(পি) সপরিবারে (স্ত্রী-শুভরা ফাতিমা), কন্যা-রিফাহ তাসফিয়া শামীম ও পুত্র-আজমাঈন শামীম তাউহা এবং গৃহভৃত্য/গৃহপরিচারিকাসহ দক্ষিণ কোরিয়ার সিউল গমন করতে পারবেন;

(জ) গৃহভৃত্য/গৃহপরিচারিকা সঙ্গে নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাজমুল হক**

উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ ভাদ্র ১৪২৮/১৯ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.১৪০.১১.১৯৩.২১-২৪৮**—শ্রীলংকার কলম্বোস্থ বাংলাদেশ হাইকমিশনের প্রতিরক্ষা শাখায় জেসিও (করণিক) হিসেবে কর্মরত সরকারি সংখ্যা-২০০৪০৪৭৩ সিপিও (রাইটার) মোঃ মনির উজ জামান, বিএন-কে প্রত্যাবর্তন এবং তদস্থলে প্রতিস্থাপক হিসেবে সরকারি সংখ্যা-২০০৫০৩১৩ সিপিও (রাইটার) আরিফুজ্জামান, বিএন' কে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, যাতায়াত এবং ব্যক্তিগত মালামাল পরিবহন ও আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;

(খ) এ বদলি সংক্রান্ত ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের "প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯ আন্তঃবাহিনীসমূহ পরিচালন এবং ১১৯০৯১১০০০০০০ প্রতিরক্ষা অ্যাটাশে খাত" থেকে নির্বাহ করা হবে;

(গ) আউটফিট ও বদলি মঞ্জুরি বাংলাদেশ নৌ বাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রাপ্য হবেন;

(ঘ) বিদেশে চাকরিকালে বাংলাদেশ নৌ বাহিনীতে তাঁর চাকরিস্বত্ব বহাল থাকবে;

(ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম গ্রহণ করলে ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে; এবং

(চ) সরকারি সংখ্যা-২০০৫০৩১৩ সিপিও (রাইটার) আরিফুজ্জামান, বিএন সপরিবারে (স্ত্রী-মাহাবুবা রহমান) এবং পুত্রদ্বয়-আবু আসরাত জামান ও আবু আরাফাত জামান) শ্রীলংকার কলম্বো গমন করতে পারবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. জে. আরিফ বেগ**

উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৯ ভাদ্র ১৪২৮/২৪ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.১৮০.১১.০৩১.১১-৩১৩**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-২৪৯৬ জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, ওএসপি, এনডিইউ, পিএসসি, সেনাবাহিনী প্রধান-কে আর্মি রেগুলেশন্স (রুলস্) ১৩৯ (এ) (বি) (সি) (ডি) অনুযায়ী দি ইস্ট বেংগল রেজিমেন্ট-এর 'কর্নেল অব দি রেজিমেন্ট' হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

নং **২৩.০০.০০০০.১৮০.১১.২৫৯.২০২১-৩১৪**—'প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬'-এর অনুচ্ছেদ ৬(৩)(ক) ও ৬(৪) এবং এস, আর, ও, নম্বর ২১০-আইন/২০২০, তারিখ : ২৬ জুলাই ২০২০-এর মাধ্যমে উক্ত বিধিমালা, ২০১৬-এর সংশোধন অনুসারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে নিয়োজিত নিম্নবর্ণিত ৬ (ছয়) জন সহকারী পরিচালককে তাঁদের নামের পাশে উল্লিখিত তারিখ (৪ নম্বর কলামে বর্ণিত) থেকে সহকারী পরিচালক পদে চাকরিতে স্থায়ী করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ক্রমিক নম্বর | নাম, পদবি ও পরিচিতি নম্বর | সরাসরি নিয়োগপ্রাপ্ত পদ ও উক্ত পদে যোগদানের তারিখ | সহকারী পরিচালক পদে চাকরিতে স্থায়ীকরণের তারিখ |
| ১ | জনাব মোঃ সোহরাব আলী<br>সহকারী পরিচালক<br>পরিচিতি নম্বর ২০৫ | ২৬ ডিসেম্বর ২০১৮<br>সহকারী পরিচালক | ২৬ ডিসেম্বর ২০১৮ |
| ২ | জনাব মোঃ সাইদুজ্জামান<br>সহকারী পরিচালক<br>পরিচিতি নম্বর ২০৬ | ২৬ ডিসেম্বর ২০১৮<br>সহকারী পরিচালক | ২৬ ডিসেম্বর ২০১৮ |
| ৩ | জনাব রেজওয়ান ইসলাম<br>সহকারী পরিচালক<br>পরিচিতি নম্বর ২০৭ | ২৬ ডিসেম্বর ২০১৮<br>সহকারী পরিচালক | ২৬ ডিসেম্বর ২০১৮ |
| ৪ | মিজ ফারজানা আক্তার<br>সহকারী পরিচালক<br>পরিচিতি নম্বর ২০৯ | ২৬ ডিসেম্বর ২০১৮<br>সহকারী পরিচালক | ২৬ ডিসেম্বর ২০১৮ |
| ৫ | মিজ মরিয়ম আশরাফী<br>সহকারী পরিচালক<br>পরিচিতি নম্বর ২১১ | ২৬ ডিসেম্বর ২০১৮<br>সহকারী পরিচালক | ২৬ ডিসেম্বর ২০১৮ |
| ৬ | জনাব মোঃ ইছাহাক আলী<br>সহকারী পরিচালক<br>পরিচিতি নম্বর ২১২ | ২৬ ডিসেম্বর ২০১৮<br>সহকারী পরিচালক | ২৬ ডিসেম্বর ২০১৮ |

তারিখ : ১০ ভাদ্র ১৪২৮/২৫ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.১৮০.১৩.০৩২.১২(অংশ)-৩১৫**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-২৯৬১ মেজর তারেক মুহাম্মদ আমিনুল ইসলাম, ই বেংগল (বরখাস্ত)-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুলস্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩সি(ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২(৪), আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৮(বি), কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন ১৯৮১-এর রুল-৯(কে) এবং আর্মি এ্যাক্ট সেকশন ১৪৩ অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তাঁর বরখাস্তের শাস্তি প্রমার্জন (Remission) করে বরখাস্তের পরিবর্তে ৩১ আগস্ট ২০০১ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে অকালীন (বাধ্যতামূলক) অবসর প্রদান করা হলো :

(ক) ৩১ আগস্ট ২০০১ তারিখ থেকে প্রযোজ্য সকল প্রকার সুযোগ সুবিধাসহ অকালীন (বাধ্যতামূলক) অবসর প্রদান করা;

(খ) ৩১ আগস্ট ২০০১ তারিখ থেকে অকালীন (বাধ্যতামূলক) অবসরের আদেশ স্বাক্ষরের তারিখ পর্যন্ত অতিবাহিত সময় চাকরির সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে চাকরি-বহির্ভূত বলে বিবেচিত হবে (Shall be considered as non qualifying service for benefits) এবং উক্ত সময়ের জন্য তিনি কোনো প্রকার বেতন ও ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হবেন না।

২। উল্লেখ্য, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ইতিপূর্বে জারিকৃত বরখাস্ত সংক্রান্ত প্রজ্ঞাপন নম্বর প্রম/সাঃস/বর/৯৭/ডি-১৮/১৮৪, তারিখ ১৩ আগস্ট ২০০১ এতদ্দ্বারা বাতিল করা হলো।

নং **২৩.০০.০০০০.১৮০.৩৬.০৯৬.২১-৩১৬**—বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী জনস্বার্থে বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ২ (দুই) জন অফিসারের নামের পাশে ৬ (ছয়) নম্বর কলামে বর্ণিত অবসর গ্রহণের তারিখ থেকে তাঁদের চাকরির মেয়াদ ১ (এক) বছর করে বর্ধিত করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| **ক্রমিক নম্বর** | **আর্মি নম্বর, পদবি ও নাম** | **জন্ম তারিখ** | **কমিশনের তারিখ** | **সর্বোচ্চ বয়সসীমা** | **অবসর গ্রহণের তারিখ** |
| ১ | বিএ-৪৩৫৪ মেজর চৌঃ মোহাম্মদ আলী, পদাতিক | ১৮ সেপ্টেম্বর ১৯৭০ | ৯ জুন ১৯৯২ | ৫০ | ১৬ সেপ্টেম্বর ২০২১ (অপরাহ্ণ) ১ বছর বর্ধিতসহ |
| ২ | বিএ-৩৭৩২ মেজর মোঃ সফিকুর রহমান, আর্টিলারি | ১ অক্টোবর ১৯৭০ | ২২ ডিসেম্বর ১৯৮৯ | ৫০ | ২৯ সেপ্টেম্বর ২০২১ (অপরাহ্ণ) ১ বছর বর্ধিতসহ |

২। ইতিপূর্বে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ৩০ মে ২০২১ তারিখে জারিকৃত ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১-২১৬ নম্বর প্রজ্ঞাপনের ৩৪ এবং ৪৯ নম্বর ক্রমিকে উল্লিখিত অফিসারদের অবসর সংক্রান্ত অংশটুকু বাতিল করা হলো। উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত অন্যান্য কর্মকর্তাদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

নং **২৩.০০.০০০০.১৮০.৩৬.০৯৬.২১-৩১৭**—আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ৩ (তিন) জন অফিসারের নামের পাশে ৬ (ছয়) নম্বর কলামে বর্ণিত অবসর গ্রহণের তারিখ থেকে তাঁদের চাকরির মেয়াদ ১ (এক) বছর করে বর্ধিত করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| **ক্রমিক নম্বর** | **আর্মি নম্বর, পদবি ও নাম** | **জন্ম তারিখ** | **কমিশনের তারিখ** | **সর্বোচ্চ বয়সসীমা** | **অবসর গ্রহণের তারিখ** |
| ১ | বিএ-৩৭২৩ মেজর সৈয়দ শফিকুল ইমদাদ, অর্ডন্যান্স | ১০ সেপ্টেম্বর ১৯৬৯ | ২২ ডিসেম্বর ১৯৮৯ | ৫০ | ৭ সেপ্টেম্বর ২০২১ (অপরাহ্ণ) ২ বছর বর্ধিতসহ |
| ২ | বিএ-৩৯৮৭ মেজর মোঃ শরীফুজ্জামান, এসি | ২০ সেপ্টেম্বর ১৯৬৯ | ২১ ডিসেম্বর ১৯৯০ | ৫০ | ১৭ সেপ্টেম্বর ২০২১ (অপরাহ্ণ) ২ বছর বর্ধিতসহ |
| ৩ | বিএ-৪০৭২ মেজর এনামুল করিম, পদাতিক | ৩০ সেপ্টেম্বর ১৯৬৯ | ২১ জুন ১৯৯১ | ৫০ | ২৭ সেপ্টেম্বর ২০২১ (অপরাহ্ণ) ২ বছর বর্ধিতসহ |

২। ইতিপূর্বে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ৩০ মে ২০২১ তারিখে জারিকৃত ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১-২১৬ নম্বর প্রজ্ঞাপনের ৩৩, ৪২ এবং ৪৩ নম্বর ক্রমিকে উল্লিখিত অফিসারদের অবসর সংক্রান্ত অংশটুকু বাতিল করা হলো। উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত অন্যান্য কর্মকর্তাদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৩ ভাদ্র ১৪২৮/১৮ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.০৬০.১১.০০৯.১৬.৪৫২**—বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তরের নিম্নবর্ণিত বেসামরিক ০১ (এক)টি শূন্য পদে প্রচলিত সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ মোতাবেক টাকা ১৬০০০–১৬৮০০–১৭৬৪০–১৮৫৩০–১৯৪৬০–২০৪৪০–২১৪৭০–২২৫৫০–২৩৬৮০–২৪৮৭০–২৬১২০–২৭৪৩০–২৮৮১০–৩০২৬০–৩১৭৮০–৩৩৩৭০–৩৫০৪০–৩৬৮০০–৩৮৬৪০ গ্রেড ১০ অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক | পদের নাম | নাম, পিতার নাম, রোল নম্বর | নিজ জেলা |
|---|---|---|---|
| ১. | সহকারী লাইব্রেরী অফিসার | শাকিব, পিতা : আসকর আলী, রোল নম্বর : ১০৪৪ | টাঙ্গাইল |

**শর্তসমূহ :**

(ক) বাংলাদেশ নৌবাহিনী বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৫-এর ৬(ক) বিধি অনুযায়ী তাঁর চাকরিতে যোগদানের তারিখ থেকে ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন এবং প্রয়োজনে এই সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(খ) শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর চাকরি অবসান (Terminate) ঘটাতে পারবে;

(গ) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হলে নিয়োগবিধিতে উল্লিখিত শর্তাদি পরিপালন সাপেক্ষে তাঁর চাকরি স্থায়ী করা হবে;

(ঘ) তাঁর চাকরি নৌবাহিনীর বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী নিয়ন্ত্রিত হবে এবং নৌবাহিনী সদর দপ্তর কর্তৃক তাঁকে সরকারি স্বার্থে নৌবাহিনীর যে কোন সংস্থায় নিয়োগ/বদলি করা যাবে;

(ঙ) তিনি যদি কখনও চাকরি থেকে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের কমপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে। অন্যথায় ০১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ তাঁকে সরকারি কোষাগারে নির্ধারিত খাতে যথাযথভাবে জমা প্রদান করতে হবে;

(চ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন টিএ/ডিএ প্রাপ্য হবেন না; এবং

(ছ) এ আদেশ চাকরিতে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য হলে, আগামী ১ সেপ্টেম্বর ২০২১ তারিখ অফিস চলাকালীন তাঁকে বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩ এ যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে তাঁন নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

৩। এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য আইন, বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ০৪ ভাদ্র ১৪২৮/১৯ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০৭.২১.৪৫৩**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে নৌবাহিনী বিধিমালা, ১৯৬১ এর বিধি ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির বয়সসীমা অতিক্রমের পর তাঁর নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হলো :

| ক্রমিক | কর্মকর্তাগণের পদবি, নাম ও পি নং | অবসর গমণের তারিখ | এলপিআর গমণের তারিখ |
|---|---|---|---|
| ১. | রিয়ার এডমিরাল জুলফিকার আজিজ, ওএসপি, পিএসপি (পি নং ৫৩১) | বিকাল ১৭ অক্টোবর ২০২১ | সকাল ১৮ অক্টোবর ২০২১ |

২। রিয়ার এডমিরাল জুলফিকার আজিজ, ওএসপি, পিএসপি (পি নং ৫৩১) এর আবেদন এবং জেএসআই ১/২০১৬ মোতাবেক ১২ (বারো) মাস মেয়াদে এলপিআর ভোগ করবেন।

৩। তিনি বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁর নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

তারিখ : ১৪ ভাদ্র ১৪২৮/২৯ আগস্ট ২০২১

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০৭.২১.৪৬৩**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নৌবাহিনী বিধিমালা, **১৯৬১** এর বিধি **১২**এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির বয়সসীমা এবং বর্ধিত চাকরির বয়সসীমা অতিক্রমের পর তাঁদের নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হলো :

| ক্রমিক | কর্মকর্তাগণের পদবি, নাম ও পি নং | অবসর গমণের তারিখ | এলপিআর গমণের তারিখ |
|---|---|---|---|
| ১. | লেঃ কমান্ডার হাসান ফখরুল বারী, (এন),<br>বিএন (পি নং ৮৪২) | বিকাল<br>০১ অক্টোবর ২০২১ | সকাল<br>০২ অক্টোবর ২০২১ |
| ২. | লেঃ কমান্ডার মোঃ আজিজুল হক, (এসডি)(ও/ই),<br>বিএন (পি নং ১৬৯৫) | বিকাল<br>০৮ নভেম্বর ২০২১ | সকাল<br>০৯ নভেম্বর ২০২১ |
| ৩. | লেঃ কমান্ডার মোঃ রফিকুল ইসলাম, (এসডি)(এল),<br>বিএন (পি নং ১৮৯১) | বিকাল<br>৩০ অক্টোবর ২০২১ | সকাল<br>৩১ অক্টোবর ২০২১ |

২। তাঁদের আবেদন এবং জেএসআই ১/২০১৬ মোতাবেক লেঃ কমান্ডার হাসান ফখরুল বারী, (এন), বিএন (পি নং ৮৪২), লেঃ কমান্ডার মোঃ আজিজুল হক, (এসডি)(ও/ই), বিএন (পি নং ১৬৯৫), এবং লেঃ কমান্ডার মোঃ রফিকুল ইসলাম, (এসডি)(এল), বিএন (পি নং ১৮৯১) প্রত্যেকেই ১২(বারো) মাস মেয়াদে এলপিআর ভোগ করবেন।

৩। তারা বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁদের নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ গোলাম কবির**

উপসচিব।